



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

শুক্রবার থেকে শুরু

বাউবির এইচএসসি পরীক্ষা-২০২২

২০ সেপ্টেম্বর ২০২২

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২২ আগামী ২৩ সেপ্টেম্বর ২০২২, শুক্রবার থেকে শুরু হতে যাচ্ছে। সারাদেশের জেলা উপজেলা পর্যায়ে ৩০৮টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবারের পরীক্ষায় প্রথম ও দ্বিতীয় বর্ষে সর্বমোট ৮৮ হাজার ২ শত ৩৮ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। পুরুষ পরীক্ষার্থী ৫৩ হাজার ৬ শত ২৬ জন বা ৬০.৭৭ শতাংশ এবং নারী পরীক্ষার্থী ৩৪ হাজার ৬ শত ১২ জন বা ৩৯.২৩ শতাংশ।

প্রতিবারের মতো এবারও, প্রশাসনের সহযোগিতায় সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণের জন্য জোর ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়াও স্থানীয়ভাবে বাউবি থেকে ভিজিল্যান্স টিম বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে দায়িত্ব পালনে নিয়োজিত থাকবে। এ পরীক্ষা শুধুমাত্র শুক্র ও শনিবার বন্ধের দিনগুলোতে সকাল এবং বিকেলে অনুষ্ঠিত হবে। আগামী ২৯ অক্টোবর ২০২২ পর্যন্ত চলবে এই পরীক্ষা। প্রত্যেক পরীক্ষার্থীকে তাঁর পরীক্ষার মূল আই.ডি কার্ডসহ যথা সময়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকার জন্য বলা হয়েছে।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত).